মাদক, অনলাইন জুয়া ও আত্মহত্যা বিষয়ে সচেতন হতে হবে

মেহেরপুর সরকারি কলেজে শিক্ষার্থীদের মধ্যে মাদকাসক্তি, অনলাইন জুয়া, আত্মহত্যা প্রতিরোধ এবং নিরাপত্তা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার জেলা পুলিশ,এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ আয়োজনে কলেজ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

সভায় প্রধান অতিথির বক্তব্যে পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় শিক্ষার্থীদের উদ্দেশ্যে মাদকের ভয়াবহতা, অনলাইন জুয়ার প্রতারণা এবং আত্মহত্যার মতো সামাজিক সমস্যার বিষয়ে সচেতন থাকার আহ্বান জানান। তিনি অল্প বয়সে হেলমেট ও ড্রাইভিং লাইসেন্স ছাড়া মোটরসাইকেল না চালানোর পরামর্শ দিয়ে সড়ক নিরাপত্তা বিষয়ে বিভিন্ন দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

এ সময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে সচেতনতামূলক বিভিন্ন প্রেজেন্টেশন স্লাইড প্রদর্শন করা হয়। পাশাপাশি বাস্তব জীবনভিত্তিক বিভিন্ন প্রশ্ন করা হয় এবং সঠিক উত্তরদাতাদের মাঝে উপহার বিতরণ করা হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. কে. এম. নজরুল কবীর। এছাড়াও কলেজের শিক্ষকবৃন্দ এবং বিভিন্ন বিভাগের বিপুলসংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, মাদক, অনলাইন জুয়া ও আত্মহত্যার মতো সামাজিক ব্যাধি প্রতিরোধে পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান এবং আইনশৃঙ্খলা বাহিনীর সমন্বিত উদ্যোগ প্রয়োজন। সচেতনতা বৃদ্ধির মাধ্যমে শিক্ষার্থীদের সুস্থ ও নিরাপদ ভবিষ্যৎ নিশ্চিত করা সম্ভব।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ডুয়ামের শুভেচ্ছা

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেনের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (ডুয়াম) মেহেরপুরের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে উপাচার্যের কার্যালয়ে ডুয়ামের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। মুজিবনগর সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং মেহেরপুর জেলায় কর্মরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন ‘ঢাবিয়ান’ এর সভাপতি ইসমাইল হোসেনের নেতৃত্বে প্রতিনিধিদলটি উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করেন।

এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক ও মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ফুয়াদ খান, সহ-সভাপতি নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক হাসনাইন খুরশিদ, সাংস্কৃতিক সম্পাদক আনোয়ারুল ইসলাম, নির্বাহী সদস্য জুলফিকার আলী, সদস্য ছারছেদ আহমেদসহ অন্যান্য সদস্যরা।

সাক্ষাৎকালে মেহেরপুর জেলায় কর্মরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠনের কার্যক্রম নিয়ে মতবিনিময় করা হয়। এ সময় উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেন সংগঠনকে আরও কার্যকর করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল সাবেক শিক্ষার্থীকে সংগঠনের সঙ্গে সম্পৃক্ত করা এবং বিভিন্ন কর্মসূচির মাধ্যমে সংগঠনের কার্যক্রম আরও গতিশীল করার আহ্বান জানান।

উল্লেখ্য, মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেনও ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন সাবেক শিক্ষার্থী।

বাংলাদেশ বুলেটিনের মেহেরপুর জেলা প্রতিনিধি হলেন মকিদুর রহমান ডিএম মকিদ

জাতীয় দৈনিক বাংলাদেশ বুলেটিন এর মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পেয়েছেন সাংবাদিক মকিদুর রহমান ডিএম মকিদ।

সম্প্রতি পত্রিকাটির কর্তৃপক্ষ তাকে এ দায়িত্ব প্রদান করে। দীর্ঘদিন ধরে তিনি স্থানীয় সাংবাদিকতায় সম্পৃক্ত থেকে নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন।

মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পাওয়ায় মেহেরপুর প্রতিদিন পরিবারের পক্ষ থেকে মকিদুর রহমান ডিএম মকিদকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয়েছে। পাশাপাশি তার পেশাগত জীবনের উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করা হয়েছে।

মেহেরপুরে ব্র্যাকের উদ্যোগে হাঁসের বাচ্চা ও ভার্মি কম্পোস্ট উৎপাদন উপকরণ বিতরণ

পারিবারিক পুষ্টির চাহিদা পূরণ এবং অর্থনৈতিক সচ্ছলতা বৃদ্ধির লক্ষ্যে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার পিছিয়ে পড়া নারী- পুরুষদের মাঝে প্রশিক্ষণ শেষে বিনামূল্যে হাঁসের বাচ্চা বিতরণ করেছে ব্র্যাকের মাইক্রোফাইন্যান্স (দাবি) কর্মসূচি।

মঙ্গলবার সকাল ১০টায় সদরের ব্র্যাক এরিয়া অফিসে এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. মো. নাজমুল হাসান শাওন।

তিনি অংশগ্রহণকারীদের হাঁস পালন পদ্ধতি, টিকা প্রদানের সময়সূচি এবং এ খাতের ভবিষ্যৎ সম্ভাবনা নিয়ে বিস্তারিত প্রশিক্ষণ প্রদান করেন। পাশাপাশি এ ধরনের জনকল্যাণমূলক উদ্যোগ গ্রহণের জন্য ব্র্যাককে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে ব্র্যাকের ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর শেখ মনিরুল হুদা, আঞ্চলিক ব্যবস্থাপক (দাবি) জি. এম. নাজমুল হুসাইন, এলাকা ব্যবস্থাপক (মেহেরপুর সদর) নুরুন্নাহার পান্না, এলাকা ব্যবস্থাপক (মুজিবনগর) মো. জসিম উদ্দিন, আরসি (লিড) মোহাম্মদ নুরুজ্জামান, সম্প্রসারণ কর্মকর্তা মো. মোসাব্বির হোসেন এবং শাখা ব্যবস্থাপক মো. মাহমুদুল হাসানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ শেষে ৩৫ জন অংশগ্রহণকারীর প্রত্যেককে ২০টি করে মোট ৭০০টি খাকি ক্যাম্পবেল জাতের হাঁসের বাচ্চা বিনামূল্যে বিতরণ করা হয়। হাঁসের বাচ্চা পেয়ে উপকারভোগীরা উচ্ছ্বাস প্রকাশ করেন এবং ব্র্যাকের এ উদ্যোগের প্রশংসা করেন।

এছাড়া একই দিনে মেহেরপুর সদর উপজেলার তিনজন এবং মুজিবনগর উপজেলার দুইজন কৃষকের মাঝে ভার্মি কম্পোস্ট (কেঁচো সার) উৎপাদনের জন্য প্রয়োজনীয় উপকরণ বিনামূল্যে বিতরণ করা হয়। উপকরণ বিতরণের পাশাপাশি তাদেরকে ভার্মি কম্পোস্ট উৎপাদন সংক্রান্ত প্রশিক্ষণ ও পরামর্শও প্রদান করা হয়।

ব্র্যাকের পক্ষ থেকে জানানো হয়, কৃষি উৎপাদন বৃদ্ধি, জমির উর্বরতা ও গুণগত মান বজায় রাখা এবং কৃষকদের আর্থিক স্বাবলম্বিতা নিশ্চিত করার লক্ষ্যে এ সহায়তা কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

মেহেরপুরে শিক্ষার মানোন্নয়ন বিষয়ে মতবিনিময় সভা

মেহেরপুরের শিক্ষার সার্বিক মানোন্নয়ন, শিক্ষার গুণগত উন্নয়ন নিশ্চিতকরণ এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন সমস্যা ও

সম্ভাবনা নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট শিল্পী রানী রায়।

সভায় জেলার শিক্ষা খাতের উন্নয়ন, শিক্ষার্থীদের পাঠদানে অধিকতর মনোযোগ বৃদ্ধি, শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়ন, শৃঙ্খলা রক্ষা এবং আধুনিক ও যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা প্রসারে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলার বিভিন্ন উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তাবৃন্দ (ইউএনও), জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ এবং জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা।

মতবিনিময় সভায় অংশগ্রহণকারীরা মেহেরপুরের শিক্ষার মান আরও উন্নত করতে সমন্বিত উদ্যোগ গ্রহণ, শিক্ষার্থীদের দক্ষ, নৈতিক ও মানবিক নাগরিক হিসেবে গড়ে তোলা এবং শিক্ষাবান্ধব পরিবেশ নিশ্চিতকরণে বিভিন্ন গুরুত্বপূর্ণ মতামত ও সুপারিশ তুলে ধরেন।

সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক শিল্পী রানী রায় শিক্ষা ব্যবস্থার গুণগত উন্নয়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার আহ্বান জানান। তিনি শিক্ষার্থীদের ভবিষ্যৎ উন্নয়ন ও একটি আধুনিক শিক্ষাবান্ধব পরিবেশ গড়ে তুলতে সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন।

মেহেরপুর সরকারি কলেজে ঈদ পুনর্মিলনী ও রম্য বিতর্ক

মেহেরপুর সরকারি কলেজ ডিবেটিং সোসাইটির উদ্যোগে ঈদ পুনর্মিলনী, রম্য বিতর্ক এবং কৃতি বিতার্কিক সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে মেহেরপুর সরকারি কলেজের বৈশাখী চত্বরে আয়োজিত

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক ও সহযোগী অধ্যাপক খেজমত আলী মালীথ্যা।

অনুষ্ঠানে বক্তব্য দেন অধ্যাপক হাবিবুর রহমান, সহযোগী অধ্যাপক ফুয়াদ খান, মইনুল হোসেন, হাসানুজ্জামান, বশির আহমেদ ও সানজিদা ইসলাম। সুমনা পারভিন যুথির সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য দেন ডিবেটিং সোসাইটির সভাপতি নাফিউল ইসলাম।

এ সময় বিতর্ক ও সহশিক্ষা কার্যক্রমে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ কলেজের শিক্ষার্থী আলিয়া খাতুন, ডানজিদ রহমান অর্পণ, আকাশ আলী ও নাফিউল ইসলামকে সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে রম্য বিতর্ক অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন ইমারা খাতুন, জান্নাতুল ফেরদৌস সোভা, হামিম ইসলাম সোহাগ, সুমনা পারভিন যুথি, রাকিব আহমেদ, মারুফ হোসেন, মিলা খাতুন, সাব্বির হোসেন, সানিহা জামান ও শিহাব হাসান।

বিতর্ক শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। শিক্ষার্থী ও শিক্ষকদের প্রাণবন্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হয়।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ গেল নির্মাণশ্রমিকের

মেহেরপুরের গাংনীতে তুষার বিশ্বাস (২৭) নামের এক নির্মাণশ্রমিকের বিদ্যুৎস্পৃষ্ট মরদেহ তার নিজ শয়নকক্ষ থেকে উদ্ধার করেছে পুলিশ।

সোমবার বিকেল সাড়ে ৪টার দিকে উপজেলার কাজিপুর ইউনিয়নের বেতবাড়িয়া পূর্বপাড়া গ্রামে নিজ বাড়ি থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

নিহত তুষার বিশ্বাস একই এলাকার মনিরুল ইসলামের ছেলে।

গাংনী থানার ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক

(এসআই) আব্দুল করিম বিষয়টি নিশ্চিত করে জানান, তুষার বিশ্বাস পেশায় একজন রাজমিস্ত্রি ছিলেন। তিনি বেতবাড়িয়া পূর্বপাড়ায় নিজ বাড়িতে বসবাস করতেন।

কয়েকদিন ধরে তার স্ত্রী ববিতা খাতুন মায়ের বাড়িতে অবস্থান করছিলেন। এছাড়া গতকাল তার বাবা-মা এক আত্মীয়ের বাড়িতে বেড়াতে যান।

আজ বিকেলে তুষারের বাবা মনিরুল ইসলাম বাড়িতে ফিরে এসে দেখেন, বিদ্যুতের একটি ছেঁড়া তার ঘরের মধ্যে রয়েছে এবং তুষার দেয়ালের সঙ্গে হেলান দিয়ে বিছানার ওপর বসা অবস্থায় আছেন।

তিনি ছেলেকে ডাকাডাকি করেও কোনো সাড়া না পেয়ে শরীরে স্পর্শ করলে তুষার বিছানার ওপর পড়ে যান। তখন পরিবারের সদস্যরা ধারণা করেন, তিনি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা গেছেন।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তুষার বিশ্বাসকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের নুতন উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেনের যোগদান

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে যোগদান করেছেন প্রফেসর ড. তোজাম্মেল হোসেন। আজ সোমবার দুপুরে ঢাকা থেকে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের কার্যালয়ে এসে তিনি যোগদান করেন।

এ সময় তাকে ফুলেল শুভেচ্ছায় স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এ সময় সেখানে উপস্থিত ছিলেন সদ্য সাবেক উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন।

তিনি যোগদান করেই বিশ্ববিদ্যালয়ের সার্বিক বিষয়ে সদ্য সাবেক উপাচার্য এবং কর্মকর্তাদের কাছে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের

শাহি উদ্দীন, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক রফিকুল আলম বকুল, মেহেরপুর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক এ্যাডঃ এহানউদ্দীন মনা।

মুজিবনগর সীমান্তে ২শ বোতল ভারতীয় এসকফ সিরাপ জব্দ

মেহেরপুরের মুজিবনগর সীমান্ত এলাকা থেকে ২শ বোতল ভারতীয় এসকফ সিরাপ জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

সোমবার (৮ জুন) গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের (৬ বিজিবি) অধীন মুজিবনগর বিওপির একটি টহল দল সীমান্ত এলাকায় বিশেষ অভিযান চালায়।

অভিযানের একপর্যায়ে পরিত্যক্ত অবস্থায় ২শ বোতল ভারতীয় এসকফ সিরাপ উদ্ধার করা হয়। জব্দকৃত সিরাপের আনুমানিক মূল্য ৮০ হাজার টাকা।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের (৬ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসান জানান, সীমান্ত দিয়ে মাদক ও চোরাচালান প্রতিরোধে বিজিবি সর্বদা তৎপর রয়েছে। সীমান্ত এলাকায় গোয়েন্দা নজরদারি, নিয়মিত টহল এবং বিশেষ অভিযান আরও জোরদার করা হবে।

তিনি আরও বলেন, সীমান্তকে মাদক ও অন্যান্য অবৈধ কার্যক্রমমুক্ত রাখতে বিজিবির অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]